কলব্যাক করলেই বিপদ যে নম্বরে!

আপনি হয়তো প্রায়ই মোবাইল ফোনে অজানা নম্বর থেকে মিসডকল আসলে গুরুত্বপূর্ণ মনে করে কলব্যাক করেন। কিন্তু এর ফলে আপনি যে কতবড় বিপদে পড়তে পারেন তা কি আপনার জানা আছে! যেই নম্বর থেকে কলটি আসলো তার কোড যদি হয় +২২৬ অথবা +২৩২ এমন কোনো নম্বর, তাহলে আর আপনার রক্ষা নেই।

এমন নম্বরে আপনি কল ব্যাক করে দেখলেন কেউ একজন কল রিসিভ করেছে, কিন্তু কোনো কথা বলছে না। আর আপনিও হয়তো বিরক্ত হয়ে লাইন কেটে দিলেন। আর এভাবেই আপনি পড়ে গেলেন এক মহা বিপদের ফাঁদে। কারণ এরপর আপনার প্রিপেইড অ্যাকাউন্ট চেক করলে দেখবেন যে ব্যাল্যান্স পুরো শেষ, এক পয়সাও নেই!

এরকম ঘটনা আজকাল প্রায়ই হচ্ছে। আর এর অনুসন্ধানে বেরিয়ে এসেছে নতুন এক প্রতারণার ফাঁদ। একটা প্রযুক্তি আছে যার নাম ‘ওয়ান রিং স্ক্যাম’।

এই বিষয়ে যুক্তরাষ্ট্রের গণমাধ্যম বিষয়ক সংস্থা এফএফসিতে একটি বিবৃতির মাধ্যমে জানিয়েছে, এই প্রযুক্তির মাধ্যমে যিনি কল করছেন, তিনি অটোমেটিক ডায়াল অপশন ব্যবহার করেন, যার মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে আন্দাজে একের পর এক নম্বরে ডায়াল করা হয়। এবং রিং বাজলেই কেটে যায় ফোন। আর স্বাভাবিকভাবেই ভিন্ন ধাঁচের নম্বর থেকে কল এলে তা গুরুত্বপূর্ণ বলে মনে হতেই পারে কারও কাছে।

আরো বলা হয়, তবে যখনই আপনি কলব্যাক করছেন, তখনই উচ্চ রেটের আন্তর্জাতিক হটলাইনের সঙ্গে যুক্ত করা হচ্ছে আপনাকে। বিশেষ করে প্রাপ্তবয়স্কদের কোনো সাইটের সঙ্গে সংযোগ ঘটে। কলব্যাক করার পর তা অন্যপাশ থেকে তা রিসিভ হবে ঠিকই। তবে হয় বিশেষ কোনো মিউজিক শুনতে পাবেন অথবা কোনো শব্দই পাবেন না। এসব কল রিসিভ হওয়া মাত্রই শুধু হাইরেটে অর্থ কাটবে তাই নয়, যতক্ষণ আপনি অপেক্ষায় থাকবেন আপনার অ্যাকাউন্ট খালি হতেই থাকবে।

অনুসন্ধানে পাওয়া গেছে, আফ্রিকা ভিত্তিক কয়েকটি দল এসব কলের মাধ্যমে ফোনের অর্থ ও স্টোরেজ থেকে ডেটা হাতিয়ে নিচ্ছে। তাই মোবাইল ফোন বাবহারকারীদের এই ব্যাপারে সতর্ক হতে হবে। ভুলেও কলব্যাক করা যাবে না অপরিচিত এই ধরণের নম্বরে।
সূত্র: সিএনএন

মেপ্র/ আরপি

ইরানে বিমান বিধ্বস্ত, ১৮০ আরোহীর সবাই নিহত

ইরানে ১৮০ জন যাত্রীসহ ভেঙে পড়ল বিমান। বুধবার এই ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে ইরানে। ইরানের সংবাদমাধ্যমগুলো জানায়, বিমানটি ১৮০ জন যাত্রী নিয়ে যাচ্ছিল ইউক্রেনের এই বিমান। তেহরানের কাছেই ভেঙে পড়ে এই বিমান। জানা গিয়েছে তেহরানের ইমাম খোমেইনি বিমানবন্দর থেকে ওড়ে এই বোয়িং-৭৩৭ বিমানটি। ওড়ার কিছুক্ষণের মধ্যেই ভেঙে পড়েছে। আরোহীদের সকলেই নিহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে।

বিমানবন্দরের পরিচালক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। বিমানটি ইউক্রেনের কিয়েভের দিকে যাচ্ছিল। তবে চলমান ইরান-যুক্তরাষ্ট সম্পর্কের কোন ইঙ্গিত আছে কিনা তা নিশ্চিত নয়।

ইরানের সিভিল অ্যাভিয়েশন অর্গানাইজেশনের মুখপাত্র রেজা জাফরজাদে জানান, ইউক্রেন ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সের দুর্ঘটনা কবলিত বিমানটিতে উদ্ধার তৎপরতা চালানোর জন্যে কর্মীবাহিনী পাঠানো হয়েছে। বিমানে ১৭০ জন যাত্রী রয়েছে বলে জানান তিনি। তবে বিভিন্ন সংবাদমাধ্যমে বিমানে ১৮০ জন যাত্রী ছিল বলে জানানো হয়েছে।

ইরানের জরুরি বিভাগের প্রধান পীরহোসেইন কৌলিভান্দ বলেন, বিমানে আগুন জ্বলছে। আমরা উদ্ধারকর্মী পাঠিয়েছি।

মেপ্র/অডে

ইরাকে দুই মার্কিন ঘাঁটিতে ইরানের হামলা (ভিডিওসহ)

ইরাকে অবস্থিত মার্কিন সামরিক ঘাঁটি ‘আইন আল-আসাদ’ এবং ‘ইরবিল’ এর ওপর ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি)।

আজ বুধবার ভোররাতে এক বিবৃতিতে আইআরজিসি জানিয়েছে, লেফটেন্যান্ট জেনারেল কাসেম সোলাইমানির ওপর আগ্রাসী মার্কিন সেনাদের সন্ত্রাসী ও অপরাধমূলক হামলার কঠোর জবাব দিতে ইরাকে দুটি মার্কিন ঘাঁটিতে মিসাইল হামলা চালিয়েছে ইরান। পশ্চিম ইরাকের মার্কিন বিমান ঘাঁটি আইন আল-আসাদ এবং উত্তরের ইরবিল ঘাঁটিকে মাটির সঙ্গে মিশিয়ে দেয়া হয়েছে বলে জানায় আইআরজিসি। আইন আল-আসাদের হামলার এক ঘণ্টার ব্যবধানে উত্তরের ইরবিল ঘাঁটিতে হামলা চালায় ইরান। পেন্টাগন এই হামলার কথা নিশ্চিত করেছে। তবে এখন পর্যন্ত হামলার ফলাফল সম্পর্কে কিছু বলা হয়নি।

আইআরজিসির বিবৃতিতে বলা হয়েছে, জেনারেল সোলাইমানিকে হত্যার কাপুরুষোচিত পদক্ষেপের ‘কঠোর প্রতিশোধ’ নেয়ার প্রতিশ্রুতি বাস্তবায়ন শুরু হয়েছে। আজ (বুধবার) ভোররাতে ইরাকে অবস্থিত মার্কিন বিমানঘাঁটি ‘আইন আল-আসাদ’র ওপর ভূমি থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য অসংখ্য ক্ষেপণাস্ত্র বর্ষণ করে ঘাঁটিটিতে গুঁড়িয়ে দেয়া হয়েছে।

অভিযানটির নাম দেয়া হয়েছে ‘শহীদ সোলাইমানি’ এবং এই অভিযানের মাধ্যমে যে ‘মহান বিজয়’ অর্জিত হয়েছে সেজন্য বিবৃতিতে ইরানের মুসলিম জাতিকে অভিনন্দন জানানো হয়েছে।

মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন বলেছে, তাদের ঘাঁটিতে এক ডজনেরও বেশি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে।

ইরাকের উত্তরাঞ্চলীয় ইরবিল শহরের মার্কিন ঘাঁটিতেও ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে বলে পেন্টাগন নিশ্চিত করেছে।

এদিকে, ইরাকের আল-মায়াদিন টেলিভিশন চ্যানেল তাদের সংবাদদাতাদের বরাত দিয়ে জানিয়েছে, ইরবিল বিমানবন্দরের কাছে অবস্থিত একটি

মার্কিন ঘাঁটিতেও ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। হামলার পর ওই বিমানবন্দরের ফ্লাইট ওঠানামা বন্ধ করে দেয়া হয়েছে।

আইআরজিসি’র বিবৃতিতে ‘বড় শয়তান’, ‘রক্তপিপাসু’ ও ‘দাম্ভিক’ যুক্তরাষ্ট্রকে কড়া ভাষায় হুঁশিয়ার করে দিয়ে বলা হয়েছে, যদি আবার কোনো ‘শয়তানি’ করা হয় কিংবা কোনো আগ্রাসন বা উসকানি চালানোর চেষ্টা করা হয় তাহলে ওয়াশিংটনকে এর চেয়ে ‘বেদনাদায়ক’ ও ‘বিপর্যয়কর’ জবাব দেয়া হবে।

একইসঙ্গে বিবৃতিতে যুক্তরাষ্ট্রের যেসব মিত্র দেশ তাদের ঘাঁটিগুলোকে এই সন্ত্রাসী রাষ্ট্রের হাতে তুলে দিয়েছে তাদের প্রতিও হুঁশিয়ারি উচ্চারণ করা হয়েছে। বলা হয়েছে, যে দেশের ভূমি থেকেই ইরানের ওপর হামলা চালানো হবে সেই দেশেরে ওপরও আক্রমণ চালানো হবে।

সূত্র : পার্স টুডে, এপি, আইআরআইবি

গমের ব্লাস্ট প্রতিরোধী বারি ৩৩ জাত নিয়ে আশাবাদ বিশেষজ্ঞদের

গমের ব্লাস্ট একটি ক্ষতিকর ছত্রাকজনিত রোগ। ছত্রাকটির বৈজ্ঞানিক নাম ম্যাগনাপরথি অরাইজি (পাইরিকুলারিয়া অরাইজি) প্যাথোটাইপ ট্রিটিকাম। গমের শীষ বের হওয়া থেকে ফুল ফোটার সময়ে তুলনামূলক উষ্ণ ও আর্দ্র আবহাওয়া থাকলে এ রোগের সংক্রমণ ঘটতে পারে।

তবে এ মৌসুমে গমে শীষ বের না হওয়ায় এখনো এখনো রোগের সংক্রমণ বোঝা যায়নি। এ রোগের কারণে গমের ফলন বিপর্যয় হয়। কোন কোন ক্ষেত্রে ফলন একেবারেই কমে যায়।

মেহেরপুরসহ দেশের ৬টি জেলায় গত চার বছর ধরে এ রোগটি দেখা দিয়েছে। পরপর দুই বছর এ রোগের সংক্রমন থেকে মুক্তিপেতে সরকারি ভাবে গম চাষের নিষেধাজ্ঞা দেওয়া হয়। তারপরও কিছু চাষী গম চাষ

করায় ব্লাষ্ট রোগটি নির্মূল করা সম্ভব হয়নি। তবে ব্লাষ্ট রোগটি নির্মূলে এবং এর প্রতিরোধী গমের জাত নির্নয়ে গত ৩তন বছর ধরে মেহেরপুরে গবেষনা চলছে।

আন্তর্জাতিক গম ও ভুট্টা গবেষণা প্রতিষ্ঠান সিমিট, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটউট, বাংলাদেশ পরমাণু গবেষণা ইন্সটিটউট, আঞ্চলিক কৃষি গবেষণা ইন্সটিটিউটসহ কয়েকটি প্রতিষ্ঠান গত তিন বছর ধরে মেহেরপুরে ব্লাষ্ট নির্মূল ও প্রতিরোধী জাত তৈরিতে গবেষণা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যে বারি ৩৩ জাত সহ কয়েকটি প্রতিরোধী জাতও উদ্ভাবন করা সম্ভব হয়েছে কৃষি বিভাগ থেকে জানানো হয়েছে।

রোগের ইতিহাস ও লক্ষণ

১৯৮৫ সালে সর্বপ্রথম ব্রাজিলে দেখা যায়। পরে ব্রাজিলসহ দক্ষিণ আমেরিকার বলিভিয়া, প্যারাগুয়ে, আর্জেন্টিনা এসব দেশে এর বিস্তার হয়। বিভিন্ন সময়ে প্রায় ৩০ লাখ হেক্টর গমের জমি ব্লাস্ট রোগে আক্রান্ত হয় এবং ফলন উল্লেখযোগ্য হারে হ্রাস পায়।

বাংলাদেশে সর্বপ্রথম ২০১৬ সালের ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি সময়ে যশোর, কুষ্টিয়া, মেহেরপুর, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, বরিশাল ও ভোলা জেলায় প্রায় ১৫ হাজার হেক্টর জমিতে এ রোগের প্রাদুর্ভাব দেখা যায়, যা মোট গম আবাদি জমির প্রায় ৩ শতাংশ। তবে মেহেরপুরের গমের ব্লাস্ট রোগের কারণে প্রকৃত ক্ষতির মাত্রা ছিল আরো ভয়াবহ। সরকারিভাবে এই রোগটি প্রথম সনাক্ত করা হয় মেহেরপুরের মুজিবনগরে।

এ রোগের কারণে আক্রান্ত গমের ফলন শতকরা ২৫ থেকে ৩০ ভাগ কমে যায় এবং ক্ষেত্র বিশেষে কোনো কোনো ক্ষেতের ফসল প্রায় সম্পূর্ণ বিনষ্ট হয়ে যায়। প্রাথমিক পর্যায়ে ব্লাস্ট আক্রান্ত গম খেতের কোনো কোনো স্থানে শীষ সাদা হয়ে যায় এবং অনুকূল আবহাওয়ায় তা অতি দ্রুত সমগ্র খেতে ছড়িয়ে পড়ে। গমের কিছু শীষের উপরিভাগ শুকিয়ে সাদাটে বর্ণ ধারণ করে যা সহজেই নিম্নভাগের সবুজ ও সুস্থ অংশ থেকে আলাদা করা যায়।

আবার কোনো কোনো শীষের প্রায় সম্পূর্ণ অংশই শুকিয়ে সাদাটে হয়ে যায়। এটি গমের ব্লাস্ট রোগের আদর্শ লক্ষণ। প্রধানত গমের শীষে ছত্রাকের আক্রমণ হয়। কৃষি বিজ্ঞানীদের ভাষ্যমতে, আক্রান্ত বীজ এবং বাতাসের মাধ্যমে গমের ব্লাস্ট রোগ ছড়ায়। বৃষ্টির কারণে গমের শীষ ১২ থেকে ২৪ ঘণ্টা ভেজা থাকলে এবং তাপমাত্রা ১৮ ডিগ্রি

সেলসিয়াস অথবা এর বেশি হলে এ রোগের সংক্রমণ হয় এবং রোগের জীবাণু দ্রুত বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়ে। তবে গমের ব্লাস্ট রোগ প্রাদর্ভাবের জন্যে আবহাওয়া সব সময় সুনির্দিষ্ট কোন নিয়মের আওতায় পড়েনা।

২০১৬ সালে গমের ব্লাস্ট রোগ দেখা দেয়ার ফলে, মেহেরপুরের বারাদি বিএডিসি খামার ও চিতলা বিএডিসি খামারের সকল গমসহ এবং চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ খামারের ২১০ হেক্টর গম আক্রান্ত গম বীজ খেতের সমস্ত জমি আগুনে পুড়িয়ে দেয়া হয়। সেইসাথে সরকারিভাবে গম আক্রান্ত সকল জেলাতে ২০১৭ সালে গম চাষ না করার জন্যে সরকারিভাবে নিষেধাজ্ঞা আরোপ করা হয় এবং ২০১৮ সালের গম চাষে নিরুৎসাহিত করা হয়। এরপরও কৃষকরা তাদের জমিতে গম চাষ করায় পুনরায় মেহেরপুরে ব্লাস্ট রোগ দেখা দেয়।

গবেষণা

গমের ব্লাস্ট রোগ দেখা দেয়ার পর থেকে, ২০১৭ সাল হতে মেহেরপুর জেলাকে ব্লাস্ট রোগের ‘হটস্পট’ বিবেচনা করে মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম শুরু হয়। এ ব্যাপারে আন্তর্জাতিক গম ও ভুট্টা গবেষণা কেন্দ্র বা সিমিট এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থায়ন করছে কৃষি মন্ত্রণালয় এবং কৃষি গবেষণা ফাউণ্ডেশন (কেজিএফ)।

দেশি বিদেশি বিজ্ঞানীদের সমন্বয়ে গমের ব্লাস্ট নিয়ে ব্যাপক গবেষণা শুরু হয়। বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটউট ,বাংলাদেশ পরমাণু গবেষণা ইন্সটিটউট, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ব বিভাগ এবং গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ ব্লাস্ট নিয়ে গবেষণা চালিয়ে যাচ্ছে। স্ব স্ব প্রতিষ্ঠানের গবেষণাগারে এবং আক্রান্ত জমিতেও এ গবেষনা পরিচালনা করা হচ্ছে।

বিগত ২০১৮ সালে মেহেরপুর জেলার সদর উপজেলার দিঘিরপাড়া এলাকায় কৃষকের জমি লিজ নিয়ে গবেষণা পরিচালনা করে বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটিউট, আঞ্চলিক কৃষি গবেষণা ইন্সটিটিউট।

মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙ্গার কৃষকের জমিতে গবেষণা পরিচালনা করেন যৌথভাবে বাংলাদেশ পরমাণু গবেষণা ইন্সটিটিউট, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগতত্ব বিভাগ এবং সদর উপজেলার উজলপুরে গবেষণা কার্যক্রম পরিচালনা করেন গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ

মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ।

এসব গবেষণার নেতৃত্ব দেন উদ্ভিদ রোগতত্ব গবেষক প্রফেসর ড. বাহাদুর মিয়া, প্রফেসর ড. তোফাজ্জেল হোসেন, প্রফেসর ড. আলী হোসেন, ড. নরেশ দেব বর্মা, ড. পরিতোষ মালাকার।

এছাড়াও ব্রিটিশ রয়েল সোসাইটি ফেলো প্রফেসর ড. নিকোলাস ট্যালবোট, প্রফেসর ড. সোফিয়ান কামাউন, ড. মোরিশিও, ড. পবন সিং, ড. টি পি তেওয়ারি নানাভাবে এসব গবেষণার সাথে সম্পৃক্ত রয়েছেন।

এ গবেষনা দলকে সহায়তা করছেন এবং মুখ্য ভুমিকা পালন করছেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কিটতত্ত্ববিদ ড. আখতারুজ্জামান।

একটি টিম চলতি বছরও মেহেরপুর সদর উপজেলার ২টি এবং গাংনী উপজেলায় ১টি স্থানে গমের ব্লাস্ট রোগ নিয়ে গবেষণা শুরু হয়েছে।

চাষীদের কথা

মেহেরপুর সদর উপজেলার উজুল পুর গ্রামের গম চাষী মসলেম উদ্দিন জানান, গম চাষ না করলে খাবার সংকটে পড়তে হয়। সে কারণে গম চাষ করতেই হয়। গম চাষ বন্ধ না করে কিভাবে এ সমস্যা সমাধান করা যায় সে ব্যাপারে সরকারকে জোর দিতে হবে। তিনি আরো বলেন, ২০১৭ সালে ব্লাস্ট রোগের কারনে গমে কোন ফলন হয নি। ২০১৮ সালেও কিছুটা আক্রান্ত হয়। এবছরও গমে চাষ করেছি । এখনো বলা যাচ্ছেনা কি হবে।

ঝাউবাড়িয়া গ্রামের কৃষক আব্দুল কাদির জানান, গমে ব্লাস্ট রোগের কারণে গত বছর অর্ধেক ফলন হয়েছে। এবার প্রায় দেড় বিঘা জমিতে গমের চাষ করা হয়েছে। গমের চাষ না করলে আমাদের মত চাষীদের বাজার থেকে গম কিনে সংসার চালানো সম্ভব না। দ্রুত এর সমাধান বের করতে হবে।

কৃষি কর্মকর্তার কথা:

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিপ্তরের উপ-পরিচালক ড. আখতারুজ্জামান জানান, গবেষণা একটা চলমান প্রক্রিয়া। বাংলাদেশে বছরব্যাপী গমের ব্লাস্ট বিষয়ক গবেষণা পরিচালনা করা প্রয়োজন কিন্তু গ্রীণ হাউজ ফ্যাসিলিটিজ না থাকার কারণে মাঠ পর্যায়ে গবেষণা পরিচালনা করবার জন্যে পুরো একটা বছর অপেক্ষা করতে হয়।

তিনি জানান, প্রাপ্ত গবেষণার ফলাফল বিশ্লেষণে করে দেখা গেছে, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটউট ইতোমধ্যে ব্লাস্ট প্রতিরোধী বারি গম ৩৩ নামক একটা জাত উদ্ভাবন করেছেন এবং বোরলগ ১০০ নামে আরেকটি ব্লাস্ট প্রতিরোধী জাত অবমুক্তির পর্যায়ে রয়েছে। সিমিট এর গবেষণা থেকে জানা গেছে, বাংলাদেশে পরীক্ষিত প্রায় ৫হাজার গমের জাত থেকে আরো কিছু ব্লাস্ট প্রতিরোধী জাত পাবার আশা করা হচ্ছে।

ড. আখতারুজ্জামান জানান, গমের ব্লাস্ট রোগ প্রতিকারের কোন ব্যবস্থা করা না গেলেও প্রতিরোধক হিসেবে ভাল কীটনাশক উৎপাদক ও আমদানীকারক প্রতিষ্ঠানের ঞবনঁপড়হধুড়ষব ৫০%+ঞৎরভষড়ুীং◌ঃৎড়নরহ ২৫% কম্বিনেশনের ছত্রাশনাশক বেশ ভালভাবে কাজ করছে বলে গবেষকেরা নিশ্চিত করেছেন।

ওদিকে সিমিটের তত্বাবধানে ব্রাজিলের গম বিজ্ঞানী ড. মোরিশিও একটা মডেল দাঁড় করানোর নিরন্তর চেষ্টা অব্যাহত রেখেছেন। প্রতিবেশী দেশ ভারত গমের ব্লাস্ট প্রতিরোধী কিছু জাত উদ্ভাবনের দাবী করছে, সেসব জাতের বীজ আমদানীরও চেষ্টা অব্যাহত রয়েছে।

ড. আখতারুজ্জামান আরো জানান, এ বছর মেহেরপুরে প্রায় ৫০ বিঘা জমিতে ব্লাস্ট প্রতিরোধী বারি গম ৩৩ জাতের প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে গবেষণা প্রতিষ্ঠান গুলোর সহায়তায়।

গত বছরে উৎপাদিত বীজ থেকে বেসরকারিভাবে আরো ১০০ বিঘার অধিক জমিতে কৃষকরা বারি গম ৩৩ জাতের গম চাষ করেছেন।

ফলে আশা করা হচ্ছে বারি গম ৩৩ জাতের যে পরিমাণ বীজ এ বছরে মেহেরপুর জেলাতে উৎপাদিত হবে তাতে করে আগামী বছর মেহেরপুরের সর্বত্র গমের ব্লাস্ট প্রতিরোধি বারি গম ৩৩ জাতটি ছড়িয়ে পড়বে। তাই গমে চাষের ব্যাপারে ২০১৬ সাল থেকে কৃষকদের মধ্যে যে অনীহা ও ভীতি ছিল সেটা আগামী বছর থেকে দূর হওয়ার আশা করা হচ্ছে।

- নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহের মহেশপুর সীমান্তে অবৈধ অনুপ্রবেশের ১৮ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধ ভাবে বাংলাদেশে প্রবেশকালে ১ দালালসহ ১৮জনকে আটক করেছে বিজিবি।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলার জলুলী বিওপির সীমান্ত থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহের খালিশপুর ৫৮ ব্যাটালিয়ানের পরিচালক লে. কর্নেল কামরুল আহসান জানান, ভোর রাতে জলুলী বিওপির সীমান্ত দিয়ে ভারত থেকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশের সময় ১ দালালসহ ১৮ জনকে আটক করা হয়।

জলুলী বিওপির অধীনে মগদাসপুর মাঠ থেকে আটক করা হয় ৭ জন পুরুষ, ৫ জন নারী, ৫ জন শিশু ও ১ জন দালাল।

তাদেরকে মহেশপুর থানায় সোপর্দ করা হয়েছে। আটককৃতরা প্রত্যেকেই বাংলাদেশের নাগরিক বলে দাবি করছে।

ঝিনাইদহ প্রতিনিধি

৮টা ২৯ মিনিট ৫৩ সেকেন্ডে শুরু হয়েছে সূর্যগ্রহণ

শুরু হয়েছে বলয়গ্রাস সূর্যগ্রহণ। আজ বৃহস্পতিবার (২৬ ডিসেম্বর) সকাল ৮টা ২৯ মিনিট ৫৩ সেকেন্ডে শুরু হয় সূর্যগ্রহণ।

আইএসপিআর জানায়, সূর্যগ্রহণটি বাংলাদেশ সময় সকাল সাড়ে ৮টায় শুরু হয়ে দুপুর ২টা ৫ মিনিট ৩৬ সেকেন্ডে শেষ হবে। আকাশ পরিষ্কার থাকলে বাংলাদেশ থেকেও আংশিক দেখা যাবে বছরের শেষ এই সূর্যগ্রহণ।

এ ছাড়া দেখা যাবে ভারত, সৌদি আরব, সিঙ্গাপুর, ফিলিপাইনসহ এশিয়ার একাধিক দেশ এবং অস্ট্রেলিয়া থেকে।

নিজ নিজ কক্ষপথে চলমান অবস্থায় পৃথিবী ও সূর্যের মধ্যে এক সরলরেখায় চাঁদ এসে গেলে চাঁদের ছায়া ঢেকে দেয় পৃথিবীর পৃষ্ঠ, কখনো পুরোটা, কখনো বা আংশিক। সৌরজগতের এই মহাজাগতিক ঘটনা সূর্যগ্রহণ হিসেবে পরিচিত।

বছরের এই শেষ সূর্যগ্রহণ যখন ঘটবে তখন চাঁদ পৃথিবী ও সূর্যের মধ্যকার কাল্পনিক সরলরেখা থেকে কিছুটা দূরে থাকবে। এ কারণে চাঁদের প্রচ্ছায়া পৃথিবীর ওপর এমনভাবে পড়বে যে এর ফলে সূর্যকে একটি বলয়ের মতো দেখাবে। তাই এমন গ্রহণকে বলয়গ্রাস গ্রহণ বলা হয়।

কখন দেখা যাবে সূর্যগ্রহণ?
২৬ ডিসেম্বর বাংলাদেশ সময় সকাল ৮টা ২৯ মিনিট ৫৩ সেকেন্ডে সূর্যগ্রহণ শুরু হবে। বলয়গ্রাস গ্রহণ শুরু হবে সকাল ৯টা ৩৪ মিনিট ৩৩ সেকেন্ডে। বলয়গ্রাস গ্রহণ শেষ হবে দুপুর ১টা ৫৫ সেকেন্ডে। গ্রহণ শেষ হবে দুপুর ২টা ৫ মিনিট ৪০ সেকেন্ডে।

বাংলাদেশ ছাড়াও দক্ষিণ ভারত, উত্তর-পূর্ব আফ্রিকা, দক্ষিণ এশিয়া ও উত্তর-পূর্ব অস্ট্রেলিয়া থেকে দেখা যাবে বছরের শেষ সূর্যগ্রহণ।

অনলাইনে দেখা যাবে
Slooh.com ওয়েবসাইট থেকে বৃহস্পতিবারের সূর্যগ্রহণ লাইভ স্ট্রিম করা হবে। এ ছাড়া ইউটিউব থেকে গ্রহণের দিন বাংলাদেশ সময় সকাল ৮টায় অনলাইন স্ট্রিমিং শুরু হবে। মনে রাখবেন, খালি চোখে সূর্যগ্রহণ দেখার চেষ্টা ভয়াবহ বিপর্যয় ডেকে আনতে পারে।

সূর্যের অতিবেগুনি রশ্মি রেটিনার কোষ ধ্বংস করে দিতে পারে, কর্নিয়া পুড়িয়ে দিতে পারে। তাই খালি চোখে সূর্যগ্রহণ দেখলে চিরতরে দৃষ্টিশক্তি হারানোর ঝুঁকি রয়েছে। প্রতি ১৮ মাসে একবার পৃথিবীর কোথাও না কোথাও থেকে সূর্যগ্রহণ দেখা যায়।

খালি চোখে দেখবেন না

গ্রহণের সময় খালি চোখে সূর্যের দিকে তাকালে এক্লিপস ব্লাইন্ডনেস বা সোলার রেটিনোপ্যাথি হতে পারে। প্রসঙ্গত, সূর্য যখন পুরোপুরি ঢাকা থাকে (পূর্ণগ্রহণ), তার চেয়ে যখন আংশিক ঢাকা থাকে অর্থাৎ আংশিক সূর্যগ্রহণকালে সূর্যের দিকে তাকালে চোখের ক্ষতি হওয়ার আশঙ্কা বেশি থাকে।

অতিবেগুনি রশ্মি প্রতিরোধী বিশেষ চশমা চোখে দিয়ে সূর্যগ্রহণ দেখা যেতে পারে। ছবি তুলতে হলেও ক্যামেরায় সোলার ফিল্টার ব্যবহারের পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা, অন্যথায় ক্যামেরার ক্ষতি হতে পারে।

সূত্র; কালের কণ্ঠ

মুজিবনগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশ ব্যাক করেছে বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশ ব্যাক করেছে বিএসএফ। রোববার দুপুর আড়াইটার দিকে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর সীমান্ত দিয়ে তাদের পুশ ব্যাক করা হলেও পুলিশ সন্ধ্যার দিকে এ তথ্য নিশ্চিত করে।

আটককৃতরা হলেন, মাদারীপুর জেলার জাজিরা গ্রামের সালাম বেপারীর ছেলে রবিউল ইসলাম ব্যাপারি (২০), কোটাবাড়ি শ্রীনদী এলাকার লিজন হাওলাদারের ছেলে শাকিল হাওলাদার (২১), একই জেলার রাজৈর উপজেলার কাটিয়াকান্দি গ্রামের আব্দুর রহিম মুন্সির ছেলে সিরাজুল মুন্সি (২৫), যশোর জেলার কেশবপুর উপজেলার হাসানপুর বুড়িহাটি এলাকার মালেক সর্দ্দারের ছেলে আজিজুল সর্দ্দার (২৩), মনিরামপুর উপজেলার চাঁদপুর গ্রামের আজয়কুমার দাশের ছেলে শিমুল দাশ (৩০), কোতুয়ালী উপজেলার চাকলঘাট এলাকার পান্নুর ছেলে সুমন হোসেন (২০), সাতক্ষীরা জেলার তালা উপজেলার শকশেপুর গ্রামের মৃত শাহাদৎ হোসেনের ছেলে রিপন সর্দ্দার (২২) ও পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার শ্রীরামকাঠি গ্রামের রতন মোল্লার ছেলে মানিক হোসেন মোল্লা (২৫)।

পুলিশ জানায়, মুজিবনগর সীমান্তের তারানগর সীমান্ত দিয়ে ৮ বাংলাদেশীকে পুশব্যাক করেছে বিএসএফ সদস্যরা। পরে তারা আনন্দবাস বাজার থেকে বাগোয়ান বাজারের দিকে যাওয়ার পথে রাস্তার মাঝে মিয়া

মুনসুর এমএম একাডেমির সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা জানান, ভারতের উত্তর-পশ্চিম বরগুনা দমদম সেন্ট্রাল জেলে বিভিন্ন মেয়াদে সাজা খাটার পর বিএসএফ তাদের এক জায়গায় রেখে দিয়ে সুযোগ বুঝে বাংলাদেশে পাঠিয়ে দিয়েছে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম জানান, রোববার দুপুরের দিকে আসামিরা আনন্দবাস বাজার থেকে বাগোয়ান বাজারের দিকে যাওয়ার পথে রাস্তার মাঝে মিয়া মুনসুর এমএম একাডেমির সামনে এলোমেলোভাবে ঘোরাফেরা করছিলো। স্থানীয়দের সন্দেহ হওয়ায় আমাদের খবর দিলে সেখান থেকে তাদের আটক করে তাদের থানায় নেওয়া হয়। পরে জিজ্ঞাসাবাদ শেষে আটকদের সন্ধ্যার দিকে তাদের বিরুদ্ধে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হয়েছে।

- মুজিবনগর অফিস

সিঙ্গাপুরে মুক্তিযুদ্ধ মঞ্চের বিজয় দিবস উদযাপন

সিঙ্গাপুরে মহান বিজয় দিবস উদযাপন করেছে মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখা। এ উপলক্ষে দেশটির মোস্তফা প্লাজায় শনিবার সিঙ্গাপুর সময় রাত ৮টায় এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখার সভাপতি সরকার আল-আমিনের সভাপতিত্বে ও সিনিয়র সহ-সভাপতি মিল্টন আহম্মেদের সঞ্চালনায় বিজয় দিবসটি পালিত হয়। মুক্তিযুদ্ধ মঞ্চ কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আমিনুল ইসলাম বুলবুল, সাধারণ সম্পাদক মো. আল মামুন ও সহ-সভাপতি এস এম জাকারিয়া ভিডিও কনফারেন্সের মাধ্যমে এতে অংশ নেন।

প্রধান অতিথির বক্তব্য রাখেন সিঙ্গাপুর আওয়ামী লীগের সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী মো. আলেক হোসেন । প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন সিঙ্গাপুর আওয়ামী লীগের সহ-সভাপতি ইঞ্জিনিয়ার

আব্দুল মালেক হীরা।

উপস্থিত ছিলেন সিঙ্গাপুর যুবলীগের সভাপতি কে এইচ আলামিন, সিঙ্গাপুর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক, জাকির হোসেন, সিঙ্গাপুর যুবলীগের সহ-সভাপতি ফজলুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা মিঠুন, টেম্পানিজ শাখার সভাপতি শফিকুল ইসলাম, জাতীয় শ্রমিকলীগ সিঙ্গাপুর শাখার সিনিয়র সহ-সভাপতি মো. তাহাজ্জত হোসেন রাজু, দপ্তর সম্পাদক মো. আমিরুল ইসলাম, ছাত্রলীগের সাধারণ সম্পাদক জেপি তালাশ, সহ-সভাপতি মো. হাবিব আহমেদ, আন্তর্জাতিক বঙ্গবন্ধু ফাউন্ডেশন সিঙ্গাপুর শাখার ভারপ্রাপ্ত সভাপতি শাহাদাত রাসেল চৌধুরী, সাধারণ সম্পাদক মিরাজ উদ্দিন, মুক্তিযুদ্ধ মঞ্চ সিঙ্গাপুর শাখার সহ-সভাপতি মো. মহসিন আহমেদ ইউনুস, সহ-সভাপতি মো. লোকমান হোসেন ও সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. রশিদুল ইসলাম রশিদ।

অনুষ্ঠানে সিঙ্গাপুর আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ এবং শ্রমিক লীগসহ সকল সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধু ও সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।
- সিঙ্গাপুর থেকে প্রতিনিধি

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় সড়ক দূর্ঘটনায় ভারতীয় নাগরিক তফন বিশ্বাস (৪২) নিহত হয়েছেন।

শুক্রবার রাত ১০টার দিকে দামুড়হুদা উপজেলার দর্শনা বাসস্ট্যান্ডে একটি আখবোঝায় পাউয়ার ট্রলারের ধাক্কায় তিনি নিহত হন। তিনি ভারতের ২৪ পরগনা জেলার জুববাড়িয়া গ্রামের ওমর বিশ্বাসের ছেলে।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) সুকুমার বিশ্বাস জানান, রাত ১০টার দিকে ভারতীয় নাগরিক তফন বিশ্বাস দর্শনা বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে ছিলেন। তিনি পাসপোর্টধারী ভারতীয় নাগরিক হিসেবে বৈধপথে

সীমান্ত অতিক্রম করে চুয়াডাঙ্গায় এসেছিলেন। দূর্ঘটনায় আহত হওয়ার পর তাকে চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার লাশ নিয়মতান্ত্রিক পদ্ধতিতে ভারতে পুলিশের হাতে হস্তান্তর করা হবে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবির জানান, রাতে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে এনে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে ময়না তদন্ত করা হবে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হয়েছে মার্কিন।প্রতিনিধি পরিষদে। যুক্তরাষ্ট্রের ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে অভিশংসিত হলেন ডোনাল্ড ট্রাম্প।

প্রেসিডেন্ট ট্রাম্পকে ইমপিচ করতে যে পরিমাণ ভোট প্রয়োজন, হাউজ অব রিপ্রেজেন্টেটিভে প্রথম দুই অভিযোগের ভোট গণনায় ঐ পরিমাণ ভোট পড়েছে বলে জানানো হয়েছে।

তবে আনুষ্ঠানিক ঘোষণা দেয়া হবে কংগ্রেসের নিম্নকক্ষ হাউজ অব রিপ্রেজেন্টেটিভসের চেয়ারের অনুমোদন দেয়ার পর। তার বিরুদ্ধে দু’টি অভিযোগের ক্ষেত্রেই অভিশংসনের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোট পড়েছে প্রতিনিধি পরিষদে। প্রথম অভিযোগের ক্ষেত্রে ২৩০ ভোট পড়েছে অভিশংসনের পক্ষে এবং ১৯৭ ভোট পড়েছে বিপক্ষে।

দ্বিতীয় অভিযোগের ক্ষেত্রেও প্রয়োজনীয় ২১৬ ভোটের বেশি সংখ্যক ভোট পড়েছে। ঐ অভিযোগে অভিশংসনের পক্ষে পড়েছে ২২৯ ভোট ও বিপক্ষে ১৯৮ ভোট। যুক্তরাষ্ট্রের ইতিহাসে মি. ট্রাম্প হলেন

অভিশংসিত হওয়া তৃতীয় মার্কিন প্রেসিডেন্ট। এর ফলে এখন উচ্চকক্ষ সেনেটে মি ট্রাম্পের বিচার হবে – তবে সেনেটে যেহেতু রিপাবলিকান নিয়ন্ত্রিত তাই সেখানে এটি পাস হবার সম্ভাবনা প্রায় নেই।

তার বিরুদ্ধে অভিযোগ দুটি হলো, তিনি তার পদ ব্যবহার করে তার ডেমোক্র্যাট রাজনৈতিক প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের বিরুদ্ধে তদন্ত করতে ইউক্রে ইউক্রেনের ওপর চাপ সৃষ্টি করতে চেষ্টা করেছিলেন, এবং দ্বিতীয়টি হলো অভিশংসনের তদন্তকাজে সহায়তা করতে অস্বীকার করে তিনি কংগ্রেসের কাজে বাধা সৃষ্টি করেছেন। সেনেটের বিচার অনুষ্ঠিত হবে জানুয়ারি মাসে।
সুত্র: বিবিসি বাংলা